CASA-BYOD-AOF-for-Electronically-Source-Accounts TnC

সর্বাধিক গুরুত্বপূর্ণ নিয়ম ও বিধি-নিয়ম (এই প্রতিলিপি গ্রাহকের জন্য)

আমি (এই "আমি", "আমার" ও "আমাকে" বলতে সমস্ত অ্যাকাউন্ট-ধারককে বোঝানো হচ্ছে) নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলি পড়েছি ও বুঝতে পেরেছি এবং এ-ও বুঝতে পেরেছি যে, নিয়ম ও শর্তাবলিতে কোনও পরিবর্তন হলে তা শুধুমাত্র www.axisbank.com ওয়েবসাইট থেকে জানা যাবে।

**ইলেকট্রনিক ফর্ম পূরণ:** আমি/আমরা এতদ্বারা নিশ্চিত করছি যে, ট্যাবলেট ব্যবহার করে অ্যাক্সিস ব্যাঙ্কে একটি অ্যাকাউন্ট খোলা হোক এবং অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড-এর কর্মী/প্রতিনিধি __________-কে, যাঁর এমপ্লয়ি/রিপ্রেজেন্টেটিভ আইডি __________, এই অধিকার প্রদান করছি যে, তিনি আমার নির্দেশ অনুসরণ করে আমার/আমাদের হয়ে ইলেকট্রনিক আবেদন পত্রে অ্যাকাউন্ট খোলার সমস্ত তথ্য এন্টার করতে পারবেন। তিনি ইলেকট্রনিক আবেদন পত্রে যেসব তথ্য এন্টার করেছেন, সেগুলি আমি/আমরা ভাল করে দেখে নিয়েছি ও যাচাই করে নিয়েছি এবং নিশ্চিত করছি যে, সেগুলি সত্য, শুদ্ধ ও একেবারে হালের তথ্য এবং আবেদন পত্রের সমস্ত তথ্য আমি ভাল করে দেখে, যাচাই করে নিশ্চিত করার পর অ্যাক্সিস ব্যাঙ্ক ইলেকট্রনিক আবেদন পত্র সংক্রান্ত উল্লিখিত রেফারেন্স নম্বর জেনারেট করেছে। ইলেকট্রনিক আবেদন পত্র ও নিশ্চয়তা প্রদান সংক্রান্ত কাগজের ফর্ম, এই দুটিকেই উল্লিখিত আবেদন নম্বরের ক্ষেত্রে অ্যাকাউন্ট খোলার নথিপত্র হিসাবে গণ্য করা হবে।

**অ্যাকাউন্ট খোলা/পরিষেবা ব্যবস্থা:** অ্যাকাউন্ট খোলা সহ সমস্ত পরিষেবাই আমার দেওয়া তথ্য/নথিপত্রের যাচাই সাপেক্ষ। কোনও কারণে এই অ্যাকাউন্ট যদি খোলা না-হয়, তাহলে প্রাথমিক ভাবে আমি যে-অর্থ দিয়েছিলাম, তা আমাকে ডিডি/ব্যাঙ্কারের চেক বা পিও হিসাবে ফেরত দেওয়া হবে, যদি সেই অর্থ 20,000 টাকার বেশি হয়, তবেই ।

**পরিষেবা:** অ্যাক্সিস ব্যাঙ্ক সমস্ত পরিষেবাই সর্বোচ্চ প্রয়াসের ভিত্তিতে প্রদান করবে। আমাকে পরিষেবার সম্পূর্ণ যে তালিকা দেওয়া হবে তা www.axisbank.com-এও পাওয়া যাবে। বর্তমান গ্রাহক নই বলেও যদি তার অন্যথা হয়, তাহলে ব্যাঙ্কের এই অধিকার আছে যে তারা আমাকে আগাম না-জানিয়ে কাস্টমার আইডি-গুলিকে একত্রিত করে রাখতে পারবে, যদি তারা তেমন সিদ্ধান্ত নিয়ে থাকে ।

**ফি ও চার্জ:** সর্বাধিক গুরুত্বপূর্ণ নথি/চার্জের সূচি ও www.axisbank.com ওয়েবসাইটে যে বিবরণ আছে সেই অনুযায়ী আমার অ্যাকাউন্টে এবং আমার নেওয়া পরিষেবাগুলিতে ফি ও চার্জ প্রযোজ্য হবে। বিভিন্ন সময়ে যে জিএসটি ও অন্যান্য বিধিবদ্ধ কর-মাসুব প্রযোজ্য হবে সেগুলিও সমস্ত ফি-র উপর আরোপ করা হবে।

**সুদ প্রদান:** স্কিম কোডের জন্য প্রযোজ্য রেট অনুযায়ী আপনার সেভিংস অ্যাকাউন্টের দৈনিক ব্যালেন্সের ভিত্তিতে অ্যাক্সিস ব্যাঙ্ক সুদ দিয়ে থাকে।

**ফি ও চার্জ, পরিষেবা, বা সুদের হারে কোনও বদল হলে** অথবা সেগুলি বন্ধ হয়ে গেলে অন্তত 30 দিন আগে আমাকে তা চিঠি/এসএমএস/ ওয়েবসাইট/ ই-মেল বা অন্যান্য উপায়ে জানিয়ে দেওয়া হবে।

**অর্থ আদায়:** ফি/চার্জ পরিশোধ করার মতন অর্থ অ্যাকাউন্টে না-থাকার ক্ষেত্রে আমি অ্যাক্সিস ব্যাঙ্ককে এই অধিকার দিলাম যে, তারা আমার অ্যাকাউন্টে উপলব্ধ ক্রেডিট থেকে, সেই সঙ্গে কোনও কালেকশন প্রক্রিয়া বা কোনও ডিপোজিটের মাধ্যমে আমার অ্যাকাউন্টে টাকা ঢুকলে সেখান থেকেও ফি/চার্জ কেটে নিতে পারবে।

**ডেবিট লিমিট:** আমি এই বিষয়ে অবগত যে, যতক্ষণ না-পর্যন্ত অ্যাকাউন্ট খোলার নথিপত্রগুলি ব্যাঙ্ক খুঁটিয়ে দেখে নেওয়ার পর সন্তুষ্ট হচ্ছে, ততক্ষণ পর্যন্ত অ্যাকাউন্টের ডেবিট লিমিট থাকবে 50000 টাকা পর্যন্ত। অ্যাক্সিস ব্যাঙ্কের প্রতিনিধির মাধ্যমে অ্যাকাউন্ট খোলা হলে ব্যাঙ্ক প্রথমে নথিপত্র যাচাই করে দেখবে, তার পর ডেবিট লেনদেন সক্রিয় হবে।

**নিষ্ক্রিয় অ্যাকাউন্ট:** আমি যদি 2 বছর বা বেশি সময় ধরে অ্যাকাউন্টে কোনও লেনদেন না-করি, তাহলে সেই অ্যাকাউন্টকে নিষ্ক্রিয় অ্যাকাউন্ট বলে ধরে নেওয়া হবে।

**অ্যাকাউন্ট ফ্রিজ:** আমি ব্যাঙ্ককে এই অধিকার দিলাম যে, তারা নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে আমার অ্যাকাউন্ট ফ্রিজ করে দিতে পারবে আমাকে জানিয়ে। তবে কিছু পরিস্থিতিতে উল্লেখ থাকা অনুযায়ী আমাকে জানানোর দরকার পড়বে না। ক. অ্যাকাউন্ট খোলার জন্য আমি যেসব নথিপত্র জমা করেছি, সেগুলি সন্তোষজনক না-হলে খ. যখন কোনও নাবালক অ্যাকাউন্ট-ধারক সাবালক হয়ে ওঠে গ. ব্যাঙ্ক যদি সন্দেহ করে যে আমার অ্যাকাউন্টে যেসব লেনদেন হচ্ছে সেগুলো আমি করছি না (তার আগেই কোনও লেনদেন সম্পন্ন হয়ে থাকলে, তার দায় ব্যাঙ্কের উপর বর্তাবে না)। ঘ. যদি সন্দেহ করা হয় যে আমার অ্যাকাউন্টকে অপব্যবহার করে অন্যের টাকা অবৈধ ভাবে লেনদেন করা হচ্ছে বা একসঙ্গে অনেকের টাকা অবৈধ ভাবে আমার অ্যাকাউন্টে রাখা হচ্ছে বা এই অ্যাকাউন্টকে অবৈধ কাজ-কর্মের মাধ্যম হিসাবে ব্যবহার করা হচ্ছে। (এই ক্ষেত্রে আমাকে অ্যাকাউন্ট ফ্রিজ হওয়ার কথা জানানো হবে না) ঙ. যদি ফর্ম 49A ও/বা আধার এনরোলমেন্ট নম্বর দিয়ে অ্যাকাউন্ট খোলার আবেদন জানানো হয়, তাহলে যে-ধরনের অ্যাকাউন্ট খোলা হচ্ছে, তার ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে ব্যাঙ্কে প্যান ও আধার নম্বর, যা আবশ্যিক, জমা দিতে হবে।

**অ্যাকাউন্ট বন্ধ হওয়া:** আমি ব্যাঙ্ককে এই অধিকার প্রদান করছি যে, তারা আমাকে আগাম জানিয়ে আমার অ্যাকাউন্ট বন্ধ করে দিতে পারে। যদি: ক. 3 মাস বা তার বেশি সময় ধরে অ্যাকাউন্টে কোনও ব্যালেন্স না-থাকে। খ. অ্যাকাউন্টে পর্যাপ্ত অর্থ না-থাকার দরুন পেমেন্ট না-হওয়ার ঘটনা বহু বার ঘটলে। গ. লেনদেনের মাত্রা/প্রকারের নিরিখে অ্যাকাউন্টে অনুচিত আচরণ লক্ষ করা গেলে। ঘ. অ্যাকাউন্টে অন্তোষজনক আচরণের ক্ষেত্রে।

**অ্যাকাউন্টের প্রকার পরিবর্তন (স্যালারি সেভিংস অ্যাকাউন্ট ধারকের ক্ষেত্রে প্রযোজ্য):** আমার স্যালারি অ্যাকাউন্টে যদি 3 মাস ধরে স্যালারি বা বেতন না-ঢোকে, তাহলে সেই অ্যাকাউন্ট নিজে-নিজেই সাধারণ সেভিংস অ্যাকাউন্টে পরিবর্তিত হয়ে যাবে (সেই সঙ্গে সমস্ত চার্জ ও ফি প্রযোজ্য হবে) এবং সেই কথা জানানোও হবে না বা তার আভাস দেওয়া হবে না এবং সম্পূর্ণ কেওয়াইসি দিতে হবে, তা না-দিলে অ্যাকাউন্টের ক্রেডিট ফ্রিজ করে দেওয়া হবে।

**লেনদেন:** এই অ্যাকাউন্টের ক্ষেত্রে অ্যাক্সিস ব্যাঙ্ককে আমি আর্থিক/অন-আর্থিক এই উভয় প্রকার নির্দেশ (যেমন, চেক বই/কার্ড জারি করা, আর্থিক লেনদেন, ব্যক্তিগত তথ্য আপডেট করা ইত্যাদি) শুধুমাত্র অনুমোদিত পন্থার মাধ্যমেই দেব, যে-পন্থার কথা ব্যাঙ্কই উল্লেখ করে দেবে উক্ত সময়ে প্রচলিত নিয়ামক নির্দেশিকার ভিত্তিতে। অ্যাক্সিস ব্যাঙ্ক এমন কোনও নির্দেশ মেনে কাজ করবে না যা অনুমোদিত পন্থার মাধ্যমে আসেনি। তবে, ব্যাঙ্কের এই অধিকার আছে যে তারা বিশেষ পরিস্থিতিতে তেমন কোনও পরিষেবা দেওয়ার জন্য নিজের বিবেচনা অনুযায়ী কাজ করতে পারে।

**চ্যানেল পরিষেবা:** অ্যাক্সিস ব্যাঙ্ক যেসব চ্যানেল পরিষেবা প্রদান করে যেমন, ডেবিট কার্ড, এটিএম কার্ড, এটিএম, ইন্টারনেট ব্যাঙ্কিং ইত্যাদি, সেই সব নির্দিষ্ট নির্দেশিকা সাপেক্ষ। এগুলি www.axisbank.com-এ দেওয়া আছে এবং আমাকে দেওয়া নিয়ম ও শর্তাবলিতেও এগুলির উল্লেখ আছে। আমি/আমরা সম্মতি দিচ্ছি এবং এই দায়িত্ব নিচ্ছি যে আমি/আমরা আমার/আমাদের অ্যাকাউন্ট সংক্রান্ত সংবেদনশীল তথ্যে কোথাও এমনকি ইন্টারনেট/ই-মেল/ফোনের মাধ্যমেও প্রকাশ করব না এবং যদি প্রকাশ করে দেওয়ার ফলে কোনও প্রতারণার ঘটনা ঘটে, তাহলে তার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক দায়ী থাকবে না। আমি এই দায়িত্বও নিচ্ছি যে, আমার অ্যাকাউন্টের সঙ্গে যুক্ত চেক-এর পাতা(গুলি), ক্রেডিট/ডেবিট কার্ড(সমূহ) হারিয়ে গেলে আমি সেই কথা সত্বর ব্যাঙ্ককে জানাব।

**ডেবিট কার্ড:** এক্সচেঞ্জ কনট্রোল রেগুলেশন মেনে ডেবিট কার্ড ব্যবহার করতে হবে এবং তা করা না-হলে কার্ড-ধারকের বিরুদ্ধে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট 1999 অনুযায়ী এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক নির্ধারিত সেই অ্যাক্ট-এর সংশোধন অনুযায়ী পদক্ষেপ করা হলে, তার দায় কার্ড-ধারকের উপরেই বর্তাবে। অ্যাক্সিস ব্যাঙ্ক-এর ক্ষেত্রে অস্বীকরণ:

**ইন্টারনেট ব্যাঙ্কিং:** আমি/আমরা মেনে নিচ্ছি যে, অ্যাক্সিস ব্যাঙ্ক ইন্টারনেট ব্যাঙ্কিং পরিষেবা জারি ও তার ব্যবহার বিভিন্ন সময়ে বলবৎ হয়ে থাকা নিয়ম ও শর্তাবলির দ্বারা পরিচালিত হয়, সেগুলি www.axisbank.com ওয়েবসাইটে উল্লেখ করা থাকে। আমি/আমরা সেগুলি মেনে চলব বলে সম্মতি দিচ্ছি। আমি/আমরা এই বিষয়ে অবগত যে অ্যাক্সিস ব্যাঙ্ক কখনও লগ-ইন আইডি/পাসওয়ার্ড সংক্রান্ত কোনও তথ্য কোনও ভাবেই চায় না। এমনকি তার গ্রাহকদের থেকে ই-মেলের মাধ্যমেও চায় না। আমি/আমরা সম্মতি দিচ্ছি ও নিশ্চিত করছি যে, আমি অন্য কাউকে আমার লগ-ইন আইডি, পাসওয়ার্ড, কার্ড, কার্ড নম্বর বা পিন (পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর) দেওয়ার/জানানোর পর আমার কোনও ক্ষতি হলে, তার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক দায়ী থাকবে না, এবং অনুমোদনহীন ভাবে উক্ত জিনিসগুলি ব্যবহার করা হলে তার জন্য ব্যাঙ্কের কাছ থেকে কিছু দাবিও করা যাবে না। আমার/আমাদের অ্যাকাউন্টের সমস্ত তথ্য সুরক্ষিত রাখার জন্য আমি/আমরা সব ধরনের সাবধানতা অবলম্বন করব। যাতে সেগুলিকে কেউ অনুমোদনহীন ভাবে ব্যবহার করতে না-পারে।

**ব্যক্তিগত তথ্য:** ক. আমার ব্যক্তিগত তথ্য সহ অন্যান্য তথ্যের হালনাগাদ হলে, আমার ঠিকানা পরিবর্তন হলে আমি সেই কথা 2 সপ্তাহের মধ্যে প্রামাণ্য নথি সহ ব্যাঙ্ককে জানাব। আমি এই সম্মতি দিচ্ছি যে, আমার তরফ থেকে ভুল তথ্য দেওয়ার দরুন বা আমি নিজের হালনাগাদ তথ্য জমা না-দেওয়ার ফলে আমি ও অ্যাক্সিস ব্যাঙ্ক যদি প্রতারণার শিকার হই, আমার ও অ্যাক্সিস ব্যাঙ্কের কিছু ক্ষয় ও ক্ষতি হলে অ্যাক্সিস ব্যাঙ্ককে আমি ক্ষতিপূরণ দেব। এই অ্যাক্সিস ব্যাঙ্ক এই ব্যাপারে যা সত্য ও সঠিক মনে করবে সেই অনুযায়ী কাজ করবে। খ. আমার দেওয়া যে-কোনও প্রকারের (ব্যক্তিগত ও সংবেদনশীল তথ্য সহ) সমস্ত তথ্যকে পরিষেবা ও সুবিধা প্রদানের ব্যবস্থা করার জন্য, লেনদেনে সহায়তার জন্য, তথ্য ও হালনাগাদ তথ্য (মূল্য যুক্ত পরিষেবা সহ) প্রদানের জন্য, গবেষণা ও বিশ্লেষণের জন্য, ক্রেডিট স্কোরিং-এর জন্য, টেলি-যোগাযোগ বা ইলেকট্রনিক ক্লিয়ারিং নেটওয়ার্কে অংশগ্রহণের জন্য ব্যবহার করা হবে। যার প্রয়োজন হতে পারে আইনের জন্য/ব্যাঙ্কের নিয়ম মাফিক কাজকর্মের জন্য, গ. আমার দেওয়া যে-কোনও প্রকারের (ব্যক্তিগত ও সংবেদনশীল তথ্য সহ) সমস্ত তথ্যকে সেই সব সংস্থা/পরিষেবা প্রদানকারীদের দেওয়া যাবে, যারা ব্যাবসার উদ্দেশ্যে ও জানার প্রয়োজনের ভিত্তিতে অ্যাক্সিস ব্যাঙ্কের সঙ্গে চুক্তিতে আছে। ব্যাঙ্কের গোপনীয়তা নীতি মেনে চলার পরিপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে প্রযোজ্য হওয়ার মতন নিয়ম ও বিধি-নিয়ম মেনে কাজ করার জন্য অ্যাক্সিস ব্যাঙ্কের প্রয়াস সর্বদা অব্যাহত থাকে। আমার তথ্য অন্য কাউকে দেওয়ার ব্যাপারে সম্মতি দেওয়ার পরেও আমি যদি সেই সম্মতি প্রত্যাহার করতে চাই, তাহলে আগে সম্মতি দেওয়ার ফলে যেসব পণ্য/পরিষেবা আমি পেয়ে

আসছিলাম, সেগুলি আমি আর পাব না, এবং ওই ধরনের পণ্য/পরিষেবা পাওয়া বন্ধ করার জন্য আমাকেই উদ্যোগ নিতে হবে। ঘ. ব্যাঙ্ক কোনও গ্রাহকের অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য প্রকাশ করতে পারে। যদি তা আইন, নিয়ম বা বিধি-নিয়মের প্রয়োজনে করতে হয় বা সেগুলির অনুমতি সাপেক্ষে করতে হয়, বা কোনও সরকারি বা নিয়ামক কর্তৃপক্ষের অনুরোধে করতে হয়, বা কোনও প্রতারণা প্রতিরোধ করার উদ্দেশ্যে বা জনস্বার্থে তথ্য প্রকাশ করার প্রয়োজন হয়। এসবের জন্য অ্যাকাউন্ট ধারকের/ধারকদের থেকে নির্দিষ্ট কোনও সম্মতি নেওয়া হবে না। যাঁরা জয়েন্ট অ্যাকাউন্ট খুলে প্রত্যেক অ্যাকাউন্ট-ধারকের মোবাইল ফোন নম্বর দিয়েছেন, তাঁরা যখনই এটিএম, ইন্টারনেট ব্যাঙ্কিং ও মোবাইল ব্যাঙ্কিং-এর (প্রযোজ্য অনুযায়ী) মাধ্যমে কোনও লেনদেন করলেই তাঁদের সবার নম্বরেই ওয়ান টাইম পাসওয়ার্ড (ওটিপি) ও লেনদেন সংক্রান্ত সতর্কতা বার্তা পৌঁছে যাবে। আধার: আমি এতদ্বারা জানাচ্ছি যে, আধার ভিত্তিক প্রমাণীকরণ পদ্ধতিতে আমার নিজের প্রমাণীকরণে আমার কোনও আপত্তি নেই এবং এই সম্মতি দিচ্ছি যে, অ্যাক্সিস ব্যাঙ্কের থেকে ব্যাঙ্কিং পরিষেবা পাওয়ার উদ্দেশ্যে আধার ভিত্তিক প্রমাণীকরণের জন্য আমি নিজের আধার নম্বর, বায়োমেট্রিক ও/বা ওয়ান টাইম পিন (ওটিপি) সংক্রান্ত তথ্য (ও/বা অনুরূপ যে-কোনও প্রমাণীকরণ পদ্ধতি) প্রদান করব। আমি বুঝতে পেরেছি যে, প্রমাণীকরণের জন্য আমি বায়োমেট্রিক ও/বা ওটিপি ও/বা অন্য যে-কোনও প্রমাণীকরণ পদ্ধতি প্রদান করে থাকলে তা ইউআইডিএআই থেকে ই-কেওয়াইসি বের করার জন্য এবং ওই নির্দিষ্ট কাজের জন্য আধার প্রমাণীকরণ পদ্ধতির মাধ্যমে শুধু আমার পরিচয় প্রমাণীকরণের জন্যই ব্যবহার করা হবে, অন্য কোনও উদ্দেশ্যে ব্যবহার করা হবে না। আমি বুঝতে পেরেছি যে, আধার ভিত্তিক প্রমাণীকরণের উদ্দেশ্যে আমার যে ব্যক্তিগত পরিচয়ের তথ্য দেওয়া হয়েছে সেগুলির সুরক্ষা ও গোপনীয়তা নিশ্চিত করবে অ্যাক্সিস ব্যাঙ্ক। আমি এতদ্বারা ব্যাঙ্ককে এই অধিকারও প্রদান করছি যে, তারা আধার ভিত্তিক প্রমাণীকরণ ব্যবহার করে আমার আধার যুক্ত হয়ে সক্রিয় সেই ব্যাঙ্ক অ্যাকাউন্টকে ব্যবহার করতে পারবে যেখানে সেই সব সরকারি টাকা আসা যা আমি বিভিন্ন যোজনার অধীনে যোগ্য সুবিধাপ্রাপক হিসাবে পেয়ে থাকি। আমি অ্যাক্সিস ব্যাঙ্ককে এই অধিকার প্রদান করছি যে, বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে আমার আবেদন প্রক্রিয়াকরণের সময় আমার আধার নম্বর যাচাই ও প্রমাণীকরণ করতে পারবে। আমি ব্যাঙ্ককে এই অধিকারও প্রদান করছি যে, প্রয়োজন পড়লে তারা আমার আধার সংক্রান্ত বিবরণ/তথ্য নিয়ামক/বিধিবদ্ধ সংস্থাকে দিতে পারবে। আমি এই দায়িত্ব নিচ্ছি যে, যখনই আমাকে আধার নম্বর দেওয়া হবে, তখনই আমি তা ব্যাঙ্ককে জানিয়ে দেব, যাতে আমার অ্যাকাউন্টের তথ্যকে হালনাগাদ করা যেতে পারে। আমি বেশ ভাল মতন জানি যে, আধার জমা দেওয়া বাধ্যতামূলক এবং এ-ও বুঝি যে, অ্যাকাউন্ট খোলার তারিখ থেকে ছয় মাসের মধ্যে আধার নম্বর জমা না-দিলে ব্যাঙ্ক আমার অ্যাকাউন্ট নিষ্ক্রিয় করে দেবে। আমি এই সম্মতি দিচ্ছি যে, উপরোক্ত ঘোষণার জন্য কোনও কিছু হওয়ার বা না-হওয়ার ফলে যাবতীয় যা খরচ হবে, চার্জ বসবে, জরিমানা হবে ও/বা ব্যয় হবে, সেই সমস্ত থেকে ও সেগুলির বিরুদ্ধে ব্যাঙ্ককে সর্বদা বিপদ-মুক্ত করব ও নিরাপদ রাখব।

**ইনস্টা অ্যাকাউন্ট ঘোষণা:** "আমি ওয়েলকাম কিট-এ ডেবিট কার্ড ও চেক বই পেয়েছি বলে প্রাপ্তি স্বীকার করছি। আমি সেভিংস/কারেন্ট অ্যাকাউন্ট খোলার জন্য অ্যাক্সিস ব্যাঙ্কের কাছে গিয়েছিলাম। আমি বুঝতে পেরেছি যে, এই অ্যাকাউন্ট যখন সক্রিয় করা হবে এবং এই বিষয়ে আমাকে যখন অবগত করা হবে, তার পরেই একমাত্র আমাকেই এই অ্যাকাউন্ট পরিচালনা করতে হবে। আমি এই দায়িত্বও নিচ্ছি যে, এই নিয়ম লঙ্ঘন হলে ধরে নেওয়া হবে যে আমারই দোষে তা হয়েছে এবং ব্যাঙ্কের এই অধিকার আছে যে, তেমন কোনও দোষ-ত্রুটি হলে তারা ওই অ্যাকাউন্ট সঙ্গে-সঙ্গে বন্ধ করে দেবে এবং যে-কারণেই তারা বন্ধ করুক না-কেন, তা জানানো হবে না। আমি এই বিষয়ে অবগত যে, ওয়েলকাম কিট প্রেরণ ও/বা প্রাপ্তির মানে এই নয় যে, অ্যাক্সিস ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে দিয়েছে বা খুলবে বলে সম্মত হয়েছে। অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড নিজের একক বিবেচনায় আরও নথিপত্র চেয়ে ডাকতে পারে বা যে-কারণই থাকুক না-কেন, সেই কারণে আবেদন খারিজও

করে দিতে পারে। আমি অবগত যে, খারিজ হয়ে গেলে ধরে নেওয়া হবে যে ওয়েলকাম কিট ও স্বাগতম পত্রকে প্রত্যাহার করা হয়েছে এবং আমি দায়িত্ব নিচ্ছি যে, সেগুলি আমি সঙ্গে-সঙ্গে ব্যাঙ্ককে ফেরত দিয়ে দেব। আমি এই দায়িত্ব নিচ্ছি যে, অ্যাকাউন্ট সক্রিয় হওয়ার পরেই আমি চেক জারি করব এবং আমার অ্যাকাউন্ট সক্রিয় হওয়ার আগেই কোনও চেক জারি হওয়ার ফলে কোনও ক্ষতি, পরিণতি, ব্যয় হলে সেই সব থেকে ব্যাঙ্ককে সুরক্ষিত রাখব। আপনি যদি নিজের অ্যাকাউন্টে নগদ টাকা জমা করতে চান, তাহলে অনুগ্রহ করে ব্যাঙ্কের শাখায় যান। নগদ টাকা কখনই সেল্স স্টাফ বা ব্যাঙ্কের কোনও প্রতিনিধির হাতে দেবেন না। আমি এতদ্বারা ঘোষণা করছি যে, প্রদত্ত তথ্যগুলি একেবারে হালের এবং সঠিক এবং আমি এতদ্বারা আমার সাম্প্রতিক ছবি ও কেওয়াইসি নথিপত্রের ছবিগুলি জমা দিচ্ছি। আমি এই বিষয়ে অবগত যে, ব্যাঙ্ক যে পণ্য ও পরিষেবাগুলি প্রদান করবে সেগুলি প্রযোজ্য নিয়ম ও বিধি-নিয়ম সাপেক্ষ। আমি নিয়ম ও বিধি-নিয়মের একটি প্রতিলিপি পেয়েছে এবং আবেদন ও মনোনয়ন পত্র জমা করা হয়েছে তার প্রাপ্তি স্বীকার জ্ঞাপক ফর্ম ব্যাঙ্কের থেকে পেয়েছি।

**একজন গ্রাহকের সীমিত দায়বদ্ধতা** - ক. আমার/আমাদের অবহেলার জন্য যেমন আমি/আমরা পেমেন্ট সংক্রান্ত প্রমাণ-পত্র ইত্যাদি কাউকে দিয়ে দেওয়ার ফলে অনুমোদনহীন ভাবে লেনদেন হওয়ার দরুন কোনও ক্ষতি হলে, এবং সেই অনুমোদনহীন লেনদেনের কথা আমি/আমরা ব্যাঙ্ককে না-জানানো পর্যন্ত, ওই পুরো ক্ষতির জন্য আমি/আমরা দায়ী থাকব। অনুমোদনহীন লেনদেনের কথা জানানোর পর কোনও ক্ষয়-ক্ষতি হলে তার ভার বহন করবে ব্যাঙ্ক। খ. অনুমোদনহীন ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেনের দায় যদি ব্যাঙ্কের উপর বা আমার/আমাদের উপর না-বর্তায়, এবং তার দায় যদি সিস্টেমের অন্যত্র কোথাও বর্তায় এবং এমন লেনদেনের কথা গ্রাহক যদি ব্যাঙ্ককে জানাতে বিলম্ব করে (ব্যাঙ্কের থেকে লেনদেন সংক্রান্ত বার্তা পাওয়ার পর চার থেকে সাতটি কর্ম দিবসে), তখন আমার/আমাদের ক্ষেত্রে প্রতি লেনদেন দায়বদ্ধতা সীমিত থাকবে লেনদেন হওয়া অর্থের মধ্যে বা সংশ্লিষ্ট নির্দেশিকা নির্ধারিত গ্রাহকের সর্বাধিক দায়বদ্ধতায় উল্লিখিত অর্থ পর্যন্ত। এই দুটির মধ্যে যেটি কম হবে, সেটিই প্রযোজ্য হবে।

**ওয়ান অ্যাসিস্ট সংক্রান্ত ঘোষণা:** আমি ওয়ান অ্যাসিস্ট প্ল্যান সম্পর্কে আরও কথা জানতে আগ্রহী এবং আমি এতদ্বারা অ্যাক্সিস ব্যাঙ্ককে ও/বা তার প্রতিনিধিকে বা তাদের এজেন্টদের বা ওয়ান অ্যাসিস্ট কনজিউমার সলিউশন্স প্রাইভেট লিমিটেডকে বা ওয়ান অ্যাসিস্টের সঙ্গে যুক্ত যে-কোনও তৃতীয় পক্ষকে এই সম্মতি দিচ্ছি যে তারা আমাকে উক্ত পরিষেবার ব্যাপারে যোগাযোগ করতে পারে। আমি বুঝেছি যে, ওয়ান অ্যাসিস্ট হল ওয়ান অ্যাসিস্ট কনজিউমার সলিউশন প্রাইভেট লিমিটেডের পক্ষ থেকে প্রদত্ত একটি সুবিধা এবং এই ফর্মে যেসব বিবরণ আছে সেগুলি ওয়ান অ্যাসিস্ট কনজিউমার সলিউশন্স প্রাইভেট লিমিটেডকে ও/বা অ্যাসিস্ট কনজিউমার সলিউশন্স প্রাইভেট লিমিটেডের সঙ্গে অ্যাক্সিস ব্যাঙ্কের ব্যবস্থার অনুসারী অন্য যে-কোনও তৃতীয় পক্ষকে দেওয়া হবে প্রয়োজন পড়লে বা অ্যাক্সিস ব্যাঙ্ক উপযুক্ত মনে করলে। Y________N______ *গ্রাহকরা যে 90 দিনের ডিএনসি সুবিধা লাভ করেন:

**এফএটিসিএ-সিআরএস নিয়ম ও শর্তাবলির** ক্ষেত্রে প্রযোজ্য নয়: কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ 7 অগস্ট, 2015 তারিখে আয়কর আইন, 1962-এর অংশ 114এফ থেকে 114এইচ পর্যন্ত নিয়মাবলি উল্লেখ করে বলেছে, এই নিয়মাবলি অনুযায়ী ভারতীয় আর্থিক প্রতিষ্ঠানগুলি যেমন ব্যাঙ্ক আমাদের সমস্ত অ্যাকাউন্ট ধারকের থেকে ব্যক্তিগত, কর ও লভ্যাংশের মালিক সংক্রান্ত অতিরিক্ত তথ্য ও নির্দিষ্ট কিছু শংসাপত্র ও নথিপত্র চাইতে পারে। প্রাসঙ্গিক ক্ষেত্রগুলিতে, তথ্য জানানো হবে কর কর্তৃপক্ষ/নিযুক্ত সংস্থা/প্রতিসংহার প্রতিনিধিকে যাতে কোনও অ্যাকাউন্টকে সঠিক ভাবে আটকানো যেতে পারে এবং সেই ধরনের অ্যাকাউন্টের গতিবিধিকেও আটকানো যেতে পারে। আপনার দেওয়া তথ্যে কোনও পরিবর্তন করতে হলে অনুগ্রহ করে

আমাদের তা শীঘ্রই, যেমন 30 দিনের মধ্যে অবশ্যই জানাবেন। আপনার ট্যাক্স রেসিডেন্সি নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার কর উপদেষ্টার সঙ্গে যোগাযোগ করুন। আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক বা আবাসিক বা গ্রিন কার্ড ধারক, তাহলে অনুগ্রহ করে বিদেশ সংক্রান্ত তথ্য লেখার জায়গায় মার্কিন যুক্তরাষ্ট্র লিখবেন। সেই সঙ্গে আপনার ইউএস ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর দিয়ে দেবেন। আপনি যে-দেশের ট্যাক্স রেসিডেন্ট সেই দেশ টিআইএন বা তার সমতুল্য কোনও কার্যকরী তথ্যের মতন কোনও আইডেন্টিফায়ার জারি করে থাকে, তাহলে তা দেওয়া বাধ্যতামূলক। এখনও যদি কোনও টিআইএন পাওয়া যায়নি বা এখনও জারি করা হয়নি, তাহলে অনুগ্রহ করে তার কারণ উল্লেখ করে তা এই ফর্মের সঙ্গে গেঁথে দেবেন। সিকেওয়াইসি ঘোষণা। আমার ব্যক্তিগত/কেওয়াইসি তথ্য কেন্দ্রীয় কেওয়াইসে রেজিস্ট্রকে দেওয়া যাবে। আমি এতদ্বারা সম্মতি দিচ্ছি যে, উল্লিখিত রেজিস্টার্ড নম্বর/ই-মেল অ্যাড্রেসে এসএমএস/ই-মেল পাঠিয়ে কেন্দ্রীয় কেওয়াই রেজিস্ট্রি আমাকে তথ্য পাঠাতে পারবে।

আমি/আমরা এতদ্বারা ব্যাঙ্ককে এই অধিকার দিচ্ছি যে, তারা আমার একক কাস্টমার আইডি রাখতে পারবে এবং তারা যে কাস্টমার আইডি রাখবে, তার সঙ্গে আমার সমস্ত সক্রিয় আন্তঃসম্পর্ককে যুক্ত করতে পারবে আরবিআই-এর নির্দেশিকা মেনে এবং আমার কাছে অন্যান্য যেসব কাস্টমার আইডি সেগুলিকে বরখাস্ত করতে পারবে। আমি/আমরা এই সম্মতি দিচ্ছি যে, এওএফ-এ উল্লিখিত আমার সর্বশেষ জনতাত্ত্বিক তথ্যের হালনাগাদ করব। যেমন, মোবাইল নম্বর, ই-মেল আইডি, ঠিকানা এবং সেই সঙ্গে সমস্ত ব্যাঙ্কিং সম্পর্কের জন্য বর্তমান সিআইএফ আইডি-তে নতুন স্বাক্ষরও দেব। যেসব গ্রাহক লিবার্টি সেভিংস অ্যাকাউন্টের সঙ্গে ফ্লিপকার্ট ক্রেডিট কার্ডের জন্য আবেদন করেছেন, তাঁদের ফ্লিপকার্ট ক্রেডিট কার্ডের জন্য জয়েনিং ফি দিতে হবে না। যদি ফ্লিপকার্ট ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট খোলার 20 দিন আগে বা পরে লিবার্টি সেভিংস অ্যাকাউন্ট খোলা হয়, তবে। ফ্লিপকার্ট ক্রেডিট কার্ডে জয়েনিং ফি মকুবের প্রক্রিয়া শুরু হবে ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট খোলার তারিখ থেকে 45 দিনের মধ্যে এবং লিবার্টি সেভিংস অ্যাকাউন্ট সক্রিয় আছে এমন সমস্ত উপযুক্ত কার্ডের আসন্ন ক্রেডিট কার্ড স্টেটমেন্টে সেই মকুবের কথা উল্লেখ করা থাকবে। আমি/আমরা নিশ্চিত করছি, আমার/আমাদের দেওয়া কোনও তথ্যের বা নথির ভবিষ্যতে কোনও হালনাগাদ/পরিবর্তন হলে তা আমরা শীঘ্রই, অর্থাৎ, পরিবর্তন হওয়ার তারিখ থেকে 30 দিনের মধ্যে ব্যাঙ্ককে জানাব। আমি/আমরা এই সম্মতিও দিচ্ছি ও এই দায়িত্বও নিচ্ছি যে, ব্যাঙ্ক এতদ্বারা আমার/আমাদের জনতাত্ত্বিক তথ্য/ফোন নম্বর ইত্যাদি যে-কোনও অন্য ব্যাঙ্ক/আর্থিক প্রতিষ্ঠান/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষকে দিতে পারবে বা জানাতে পারবে, তাদের উত্থাপিত কোনও নির্দিষ্ট প্রয়োজনীয়তার উদ্দেশ্যে। আমি এতদ্বারা অ্যাক্সিস ব্যাঙ্ককে এই অধিকার প্রদান করছি যে, তারা স্যালারি অ্যাকাউন্টের সঙ্গে রি-ইমবার্সমেন্ট অ্যাকাউন্ট (এসবিইআরএ) খুলে দিক, সেই ভাবে, যে ভাবে অ্যাকাউন্ট খোলার সময় অ্যাকাউন্ট খোলার ফর্মে তথ্য ধরে রাখা হয়েছে।